

B.A. 2nd Semester (Honours & General) Examination, 2019

Subject : Bengali

Paper : AECC-2 (MIL)

Time: 1 Hour 30 Minutes

Full Marks: 50

*The figures in the margin indicate full marks.**Candidates are required to give their answers in their own words as far as practicable.*

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।
যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

- ১। 'স্বদেশী সমাজ' প্রবন্ধটি প্রকাশিত হয় কোন পত্রিকায়? ২
 (ক) প্রবাসী (খ) বঙ্গদর্শন
 (গ) ভারতী (ঘ) সাধনা
- ২। "ব্যাদিই সংক্রামক, স্বাস্থ্য নয়।"— উক্তিটি কোন প্রবন্ধের অংশ? ২
 (ক) বইপড়া (খ) স্ত্রীজাতির অবনতি
 (গ) অপবিজ্ঞান (ঘ) বাঙ্গালা ভাষা
- ৩। 'মহাভাষ্য' কার লেখা? ২
 (ক) পতঞ্জলি (খ) শবর স্বামী
 (গ) কৌটিল্য (ঘ) বামনাচার্য
- ৪। 'অপবিজ্ঞান' প্রবন্ধটি কোন গ্রন্থের অন্তর্গত? ২
 (ক) বিশ্বপরিচয় (খ) লঘুগুরু
 (গ) অব্যক্ত (ঘ) বিজ্ঞান দর্শন ধর্ম
- ৫। 'আলপাকা শাড়ি' বলতে বোঝানো হয় : ২
 (ক) একপ্রকার পটুবস্ত্রকে (খ) একপ্রকার কৃত্রিম রেশমের কাপড়কে
 (গ) কার্পাস বস্ত্রকে (ঘ) কলাগাছের ছাল থেকে নির্মিত বস্ত্রকে

- ৬। “মন্দিরের মাথায় যে স্বর্ণকলস থাকে, তাহা নিজে উচ্চ নহে— মন্দিরের উচ্চতাই তাহাকে উচ্চ করে।”— প্রাবন্ধিক ‘স্বর্ণকলস’ কথাটি কোন প্রসঙ্গের তুলনার্থে বলেছেন? ২
- (ক) মন্দির শিল্পের সৌকর্য প্রসঙ্গে (খ) গ্রন্থাগারে শ্রেষ্ঠ গ্রন্থের প্রসঙ্গে
(গ) সমাজে সমাজপতির অবস্থান প্রসঙ্গে (ঘ) উপরের কোনোটিই নয়
- ৭। ‘নৈবেদ্য’ কাব্যগ্রন্থে মোট কতগুলি কবিতা আছে? ২
- (ক) দশটি (খ) পঁচিশটি
(গ) একশোটি (ঘ) একশো পঁচিশটি
- ৮। “শক্তিদম্ব স্বার্থলোভ মারীর মতন।”— ‘মারী’ কথাটির অর্থ হল ২
- (ক) আঘাত করা (খ) মুখগহুরের অংশ
(গ) মড়ক (ঘ) কোনোটিই নয়
- ৯। ‘নৈবেদ্য’ কাব্যে “শতাব্দীর সূর্য আজি রক্তমেঘ মাঝে অস্ত গেল” বলতে কবি কোন শতাব্দীর কথা বলেছেন? ২
- (ক) বিংশ শতাব্দী (খ) অষ্টাদশ শতাব্দী
(গ) একবিংশ শতাব্দী (ঘ) উনবিংশ শতাব্দী
- ১০। “চিত্ত যেথা ভয় শূন্য, উচ্চ যেথা শির”— ‘নৈবেদ্য’ কাব্যের এই কবিতাটিতে মোট কতগুলি পঙ্ক্তি আছে? ২
- (ক) ১২টি (খ) ১৮টি
(গ) ১৪টি (ঘ) ১৬টি
- ১১। “আপন প্রাঙ্গণতলে দিবস শবরী”— ‘প্রাঙ্গণ’ কথাটির অর্থ হল ২
- (ক) পূর্বকালীন (খ) পূর্বদিক
(গ) উঠান (ঘ) কোনোটিই নয়
- ১২। ‘বর্তিকা’ কথাটির অর্থ হল ২
- (ক) আবর্তন (খ) বাতি
(গ) ঔষধি বৃক্ষের মিহি মিশ্রণ (ঘ) বাসগৃহের আচ্ছাদন
- ১৩। ‘ছুটি’ ও ‘বলাই’ গল্প দুটি রবীন্দ্রনাথের কোন গল্পগ্রন্থে সংকলিত হয়? ২
- (ক) তিনসঙ্গী (খ) গল্পগুচ্ছ
(গ) গল্পসল্প (ঘ) উপরের কোনোটিই নয়

- ১৪। বলাই তার কাকিকে চিঠিতে কীসের ফটোগ্রাফ পাঠাতে লেখে? ২
- (ক) তার পুরানো খেলনাগুলির (খ) ফুলের বাগানের
(গ) শিমূল গাছের (ঘ) খাসিয়াড়ার
- ১৫। “সেই জলপাতন শব্দের সহিত দুরাগত ভৈরবীর তান তাহাকে বলিতে লাগিল, এই জাগরণই স্বপ্ন, এই জগৎই মিথ্যা।”—
‘তাহাকে’ বলতে এখানে কাকে বোঝানো হয়েছে? ২
- (ক) ‘ছুটি’ গল্পে ফটিককে (খ) বলাইকে
(গ) ‘মণিহারা’ গল্পে মধুসূদনকে (ঘ) ‘মণিহারা’ গল্পে ফণিভূষণকে
- ১৬। “ফটিক খালাসিদের মতো সুর করিয়া করিয়া বলিতে লাগিল ‘এক বাঁও মেলেনা। দো বাঁও মেলো-এ-এ না’।”—
‘বাঁও’ কথাটির অর্থ হল ২
- (ক) বামদিক (খ) নদীর স্রোত যেখানে বন্ধ
(গ) নদীর গভীরতা মাপার বাঁশের দণ্ড (ঘ) দুইহাত প্রসারিত করলে একদিকের হাতের আঙুল থেকে অন্য হাতের আঙুল পর্যন্ত দৈর্ঘ্য
- ১৭। ‘বলাই’ গল্পটি কী উপলক্ষ্যে রবীন্দ্রনাথ রচনা করেন? ২
- (ক) বসন্ত উৎসব (খ) বৃক্ষরোপণ অনুষ্ঠান
(গ) শারদোৎসব (ঘ) আশ্রম প্রতিষ্ঠা
- ১৮। ‘মণিহারা’ গল্পটির রচনাকাল হল ২
- (ক) অগ্রহায়ণ, ১৩০৫ (খ) চৈত্র, ১৩০৯
(গ) অগ্রহায়ণ, ১৩৩৫ (ঘ) পৌষ, ১২৯৯
- ১৯। প্রতিবেদকের ইংরেজি প্রতিশব্দ হল ২
- (ক) রিপোর্টার (খ) নিউজ এডিটর
(গ) কম্পোজার (ঘ) এডিটর
- ২০। প্রতিবেদনের শীর্ষে বা প্রথমে থাকবে ২
- (ক) শিরোনাম বা সংবাদশীর্ষ (খ) স্থাননাম বা যে স্থান থেকে সংবাদটি সংগৃহীত
(গ) প্রতিবেদকের নাম (ঘ) প্রতিবেদনের তারিখ
- ২১। প্রতিবেদনের মৌলিক উপাদান হল ২
- (ক) পাঠকের চিত্তরঞ্জন (খ) ঘটনার বিবরণী পাঠকের কাছে পৌঁছে দেওয়া
(গ) সংঘটিত ঘটনাকে কেন্দ্র করে লেখক ব্যক্তিগত মতামত ব্যক্ত করবেন (ঘ) কোনো ঘটনার অনুমানভিত্তিক রচনা

- ২২। 'I see him once in a blue moon'-এর বঙ্গানুবাদ হবে ২
- (ক) আমি তাকে নীল চাঁদের মধ্যে দেখেছি (খ) কদাচিৎই তাকে দেখেছি
(গ) আমি একবারই তাকে চাঁদের নীল আলোয় দেখেছি (ঘ) উপরের কোনোটিই নয়
- ২৩। 'I am hand and glove with him'-এর বঙ্গানুবাদ হবে ২
- (ক) আমি তার খুবই ঘনিষ্ঠ
(খ) আমি তার হাতের দস্তানা
(গ) তার হাতের দস্তানাটি আমায় দেয়
(ঘ) মাঝে মাঝেই আমরা হাতের দস্তানা বিনিময় করি
- ২৪। 'There are black sheep in every society'-এর বঙ্গানুবাদ হবে ২
- (ক) সব সমুদ্রেই কিছু কালো জাহাজ থাকে (খ) প্রতিটি সমাজেই কিছু খারাপ লোক থাকে
(গ) সব সমাজেই কিছু কালো ভেড়া থাকে (ঘ) উপরের কোনোটিই নয়
- ২৫। 'The Rajdhani Express is drawing in'-এর বঙ্গানুবাদ হল ২
- (ক) রাজধানী এক্সপ্রেসে সুন্দর বসার অংশ আছে (খ) রাজধানী এক্সপ্রেসটি সুন্দর ছবি এঁকে সাজানো
(গ) রাজধানী এক্সপ্রেস স্টেশনে ঢুকছে (ঘ) উপরের কোনোটিই নয়